**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জেলা ও দায়রা জজ আদালতের কার্যালয়, রাজশাহী**
**(প্রশাসন শাখা)**

rajshahi.judiciary.gov.bd

আদেশ নং ০১/জি, তারিখ: ১৭ পৌষ ১৪৩১ / ০১ জানুয়ারি ২০২৫

ইহা নিম্নস্বাক্ষরকারীর অবগতিতে আসিয়াছে যে, আন্তর্জাতিক উন্নয়ণ সংস্থা "ওয়াটার এইড বাংলাদেশ" সর্বসাধারণের জন্য রাজশাহী জেলা জজ আদালতের ২ নং ভবনের উত্তর-পূর্ব কোণায় একটি উন্নত মানের "পাবলিক টয়লেট" নির্মাণপূর্বক তাহা জেলা জজ আদালত বরাবর হস্তান্তর করিলে ও এবং তাহা ২০২৩ ইং সনের ১৭ ই আগস্ট ব্যবহারের জন্য উন্মুক্ত করতঃ জেলা জজ আদালত, নেজারত বিভাগের নিকট হস্তান্তর করিলে উক্ত বিভাগ বিগত ২০-১০-২০২৪ ইং তারিখে জনৈক মোঃ সাদিকুল হাসান ও আরো একজনের সহিত তাহা পরিচালনার জন্য মাসিক আনুষঙ্গিক ব্যয় বাবদ ৩,০০০/- (তিন হাজার) টাকা পরিশোধের শর্তে চুক্তিপত্র সম্পাদন করিয়াছে। কিন্তু অদ্যাবধি উক্ত টয়লেট পরিচালনাকারী পক্ষ নভেম্বর ও ডিসেম্বর মাসের চুক্তি মূল্য পরিশোধ করেন নাই। কাজেই তাহাদের অদ্য হইতে আগামী এক সপ্তাহের মধ্যে উক্ত চুক্তি মূল্য পরিশোধ করিতে নির্দেশ প্রদান করা গেল।

যেহেতু চুক্তিপত্রের শর্ত অনুযায়ী টয়লেটটি পরিচালার যাবতীয় ব্যয়ভার পরিচালনকারী পক্ষ (দ্বিতীয় পক্ষ) বহন করিতে বাধ্য সেইহেতু ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ, জেলা জজ আদালত, রাজশাহীকে উক্ত চুক্তি মূল্য প্রাপ্তি মাত্র তাহা সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা গেল।

সংশ্লিষ্ট সকলকে জানানো হউক।

১/০১/২০২৫

(গোলক চন্দ্র বিশ্বাস),
সিনিয়র জেলা ও দায়রা জজ,
রাজশাহী।
ই-মেইল: districtjudgecourt.rajshahi@gmail.com

স্মারক নং- ০২/২৪-(৩)/জি, তারিখ: ১৭ পৌষ ১৪৩১ / ০১ জানুয়ারি ২০২৫

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হইল:</u>

১। ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ/হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রাজশাহী,
২। মোঃ সাদিকুল হাসান, পিতা-মোঃ আব্দুল হান্নান, সাং-হড়গ্রাম পূর্বপাড়া, পোষ্ট-রাজশাহী কোর্ট-৬২০১, থানা-রাজপাড়া হাল-কাশিয়াডাঙ্গা, জেলা-রাজশাহী,
৩। অফিস কপি।

**আদেশক্রমে-**

(মোঃ ফজলে রাব্বী)
প্রশাসনিক কর্মকর্তা
জেলা ও দায়রা জজ আদালত,
রাজশাহী।